

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪১০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ ইলমে হাদীসে যার পরিপক্কতা হয়নি, তাকে যে হাদীস এই সংশয়ে ফেলে দেয় যে, ছেলের সম্পদ বাবার জন্য

ذِكْنُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْعِلْمِ أَنَّ مَالَ الْإِبْنِ يَكُونُ لِلْأَب

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ التَّاجِرُ بِمَرْوَ حَدَّثَنَا حُصَيْنُ بْنُ الْمُثَنَّى الْمَرْوَزِيُّ حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ كَيْسَانَ عَنْ عَطَاءٍ

عن عائشة رضى الله تعالى عَنْهَا أَنَّ رَجُلًا أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "أنت ومالك لأبيك." ليُخَاصِمُ أَبَاهُ فِي دَيْنٍ عَلَيْهِ فَقَالَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "أنت ومالك لأبيك." الراوي: عائشة المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 410 | خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

8১০. 'আয়িশা রাদ্মিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন, যিনি তার বাবার ঋণ পরিশোধ করাকে কেন্দ্র করে বাবার সাথে বিবাদে লিপ্ত হয়েছেন। তখন আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি এবং তোমার সম্পদ তোমার বাবার জন্য।"[1]

قَالَ أَبُو حَاتِم مَعْنَاهُ أَنَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَجَرَ عَنْ مُعَامَلَتِهِ أَبَاهُ بِمَا يُعَامِلُ بِهِ الْأَجْنَبِيِّينَ وَأَمَرِ بِبِرِّهِ وَالرِّفْقِ بِهِ فِي الْقَوْلِ وَالْفِعْلِ مَعًا إِلَى أَنْ يَصِلَ إِلَيْهِ مَالُهُ فَقَالَ لَهُ أَنْتَ وَمَالُكَ لِأَبِيكَ لَا أَنَّ مَالَ الِابْنِ يَمْلِكُهُ الْأَبُ فِي حَيَاتِهِ عَنْ غَيْرِ طِيبِ نَفْسِ مِنَ الِابْنِ به.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "হাদীসের মর্মার্থ হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বাবার সাথে অপরিচিত লোকের মত আচরণ করার কারণে ধমক দিয়েছেন এবং তাকে তার বাবার সাথে কথায় ও কাজে সদাচারণ ও নম্র আচরণ করার নির্দেশ দিয়েছেন এমনকি তার সম্পদকে বাবার সাথে যুক্ত করে দিয়েছেন এবং বলেছেন: "তুমি এবং তোমার সম্পদ তোমার বাবার জন্য।" হাদীসের অর্থ এটা নয় যে, ছেলের



জীবদ্দশায় ছেলে খুশি মনে বাবাকে সম্পদ না দিলেও বাবা সন্তানের সম্পদের মালিক হয়ে যাবে।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৭৯; আবু দাউদ: ২২৯১; তাহাবী, শারহু মা'আনিল আসার: ৪/১৫৮; ইবনু মাজাহ: ২২৯২; ইবনুল জারুদ: ৯৯৫; মুশকিলুল আসার: ২/২৩০; মিসবাহুয যুজাজাহ: ১৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (মিশকাত: ৩৩৫৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন